



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭



স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৭১)/২০২২/৯৮৯৩

তারিখঃ ২৭-০৩-২০২২

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর ১৬.০৩.২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-২৩৬ সংখ্যক স্মারকের মাধ্যমে দেশের বিভিন্ন কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত এসএসসি-২০২১ এবং এইচএসসি-২০২০ সালের পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীদের MIS Software - এ তথ্য এন্ট্রি সম্পন্ন করার অনুরোধ জানানো হয়েছে।

এ প্রেক্ষিতে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের স্নাতক পর্যায়ে লেভেল-১, সেমিস্টার-১ এ অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যারা এইচএসসি-২০২০ সালের পরীক্ষায় বোর্ড বৃত্তি (মেধা ও সাধারণ) পেয়েছে, তাদেরকে শিক্ষা ও বৃত্তি শাখা হতে ফরম সংগ্রহপূর্বক নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করে আগামী ৩০ মার্চ, ২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে জমা দেয়ার জন্য বলা হলো।

নির্দেশাবলীঃ

১. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে;
২. শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
৩. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
৪. শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে;
৫. বৃত্তির গ্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
৬. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
৭. ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে;

(শেখ রেজাউল করিম)

রেজিস্ট্রার

ফোনঃ ৪৪৮১৪০০৬

অনুলিপিঃ (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

- ১। ডীন, কৃষি অনুষদ/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ, শেকৃবি।
- ২। চেয়ারম্যান (সকল) শেকৃবি (লে-১, সে-১ এর ছাত্র-ছাত্রীদের অবগতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ৩। পরিচালক, (আইসিসি), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। হল প্রভোস্ট (সকল)....., শেকৃবি (বিজ্ঞপ্তিটি হলে প্রচারের অনুরোধসহ)।
- ৫। ভিসি মহোদয়ের একান্ত সচিব, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি), শেকৃবি।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর, শেকৃবি (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।
- ৮। পিএ টু ট্রেজারার, শেকৃবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। পিএ টু রেজিস্ট্রার, শেকৃবি (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। নোটিশ বোর্ড (সকল), শেকৃবি।
- ১১। অফিস নথি/মহানথি।